দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 JUN 2015 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ২ ...

# জয়পুরহাটে ক্ষতিগ্রস্ত ২৩টি স্কুল আজো মেরামত হয়নি

■ জয়পুরহাট প্রতিনিধি

সাম্প্রতিক ভূমিকম্পে জয়পুরহাট জেলার পাঁচ উপজেলায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হওয়ার দু'মাস হলেও সংস্কার বা মেরামত কাজ শুরু হয়নি। ফলে জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছেন শিক্ষক-শিক্ষার্থীরা। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর মধ্যে রয়েছে আক্কেলপুর উপজেলায় ৯টি, কালাই উপজেলায় ৮টি, পাঁচবিবি উপজেলায় ৩টি, ক্ষেতলাল উপজেলায় ২টি ও সদর উপজেলায় ১টি বিদ্যালয়।

এসব বিদ্যালয়ের দেয়ালে ফাটল ধরা, দেবে যাওয়া, মেঝে ফাটল ধরা, দেবে যাওয়া, শ্রেণিকক্ষে ফাটল ধরা, ছাদ খুলে পড়া, পিলারে ফাটল ধরাসহ বীম ও টয়লেট ক্ষতিগ্রস্ত হয়েছে। বিদ্যালয়গুলো হচ্ছে: আক্কেলপুর উপজেলায় বাগিরবাড়ীয়া, ডিকনী, গন্ডিমসারা, পোরবাড়ী কানুপুর, জালালপুর, ভানুরকান্দা, দেওড়া, পশ্চিম আউয়ালগাড়ী আরমাতুল্লাহ ও গণিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। কালাই উপজেলায় চাকলমুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, শিবসমুদ্র, কাথাইল গোপীনাথপুর, থুপসাড়া, সমশিরা, তালোড়া বাইগুনী, মধুবন ও বেজখন্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়। পাঁচবিবি উপজেলায় কোতোয়ালীবাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়, রামতনু ও দিবাকরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

ক্ষেতলাল উপজেলায় আলমপুর ও আয়মাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং জয়পুরহাট সদরের পাইকর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ সকল বিদ্যালয়ের শিশু শিক্ষার্থী ও শিক্ষকরা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছেন। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর একটি তালিকা ক্ষয়ক্ষতির বিবরণসহ গত ৪ মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে পাঠানো হয়েছে বলে জানান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বদরুজ্জোহা।